# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ২১, ১৯৮৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য মন্ত্রণালয়

বিজ্ঞপ্তি

ঢাকা, ২১শে নভেম্বর ১৯৮৫

নং এস, আর, ও, ৪৯১-এল/৮৫—১৯৮২ সালের ২৪শে মার্চের ঘোষণা মোতাবেক এবং তদুদ্দেশ্যে অর্পিত ক্ষমতা বলে রাষ্ট্রপতি বাংলাদেশ কর্ম কমিশনের সাথে পরামর্শক্রমে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনামাঃ**—এই বিধিমালা গেজেটেড ও নন- গেজেটেড কর্মচারী (গণসংযোগ দপ্তর) নিয়োগ বিধিমালা, ১৯৮৫ নামে অবিহিত হইবে।

২। **সংজ্ঞাসমূহঃ**—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে এই বিধিমালায়—

(ক) 'কমিশন' বলিতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনকে বুঝাইবে।

(খ) 'তফসিল' বলিতে বিধিমালার সহিত সংযোজিত তফসিল বুঝাইবে।

(গ) 'নিয়োগকারী কর্তৃপক্ষ' বলিতে সরকার বুঝাইবে এবং কোন নির্দিষ্ট পদ অথবা এইরূপ পদ শ্রেণীর সহিত সম্পর্কিত নিয়োগের ব্যাপারে সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা ইহার অন্তর্ভুক্ত হইবে।

(ঘ) 'নির্দিষ্ট পদ' বলিতে তফসিলে উল্লিখিত পদ বুঝাইবে।

(ঙ) 'প্রয়োজনীয় যোগ্যতা' বলিতে তফসিলে বর্ণিত নির্দিষ্ট পদের যোগ্যতা বুঝাইবে।



মূল্য : টাকা ১'৫০

(চ) 'শিক্ষানবিশ' বলিতে নির্দিষ্ট পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তিকে বুঝাইবে।

(ছ) 'স্বীকৃতি প্রাপ্ত বিশ্ববিদ্যালয়' বলিতে আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয়কে বুঝাইবে এবং বিধি উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় ইহার অন্তর্ভুক্ত হইবে।

(জ) 'স্বীকৃত বোর্ড' বলিতে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড বুঝাইবে এবং এই বিধি উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন বোর্ড ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতিঃ**—(১) তফসিলে বর্ণিত বিধানসাপেক্ষে কোন নির্দিষ্ট পদে নিম্ন বিধৃত পদ্ধতিতে নিয়োগ দান করা হইবেঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে, অথবা

(খ) পদোন্নতির মাধ্যমে।

(২). কোন ব্যক্তিকে কোন নির্দিষ্ট পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য প্রয়োজনীয় যোগ্যতা তাহার না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়ঃসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগঃ**—(১) ১৯৭৯ সালের পি, এস, সি, (কনসালটেশন) রেগুলেশনের শর্ত সাপেক্ষে কমিশনের সুপারিশ ব্যতিরেকে কোন নির্দিষ্ট পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা চলিবে না।

(২) নির্দিষ্ট পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবে না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশে ডমিসাইলড না হন। তবে যে ব্যক্তি পূর্ব হইতেই প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্ত রহিয়াছেন, তাহার ক্ষেত্রে এই দফা প্রযোজ্য হইবে না।

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৩) কোন নির্দিষ্ট পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য পরিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা ক্ষেত্র বিশেষে তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যায়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগ যোগ্য এবং এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা নির্দিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে, এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত।

(৪) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্ট পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লেখিত ফিসহ যথাযথ ফরমে ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন।

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্ধতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**:—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত বিভাগীয় পদোন্নতি কমিটির সুপারিশের ভিত্তিতে নির্দিষ্ট পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবেঃ

শর্ত থাকে যে, উচ্চতর শ্রেণীর নির্দিষ্ট পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা হইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি নির্দিষ্ট পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিশী**:—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে নির্দিষ্ট পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশী স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, বাস্তব নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য, এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবেঃ

শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিশীর মেয়াদ এইরূপ সম্প্রসারণ করিতে পারেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিশের শিক্ষানবিশীর মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই সে ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষঃ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিশের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন।

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিশীর মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিশীর মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে (৪) উপ-বিধির বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল, সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিশকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারী আদেশ বলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাশ করেন ও প্রশিক্ষণ সাফল্যের সহিত সমাপণ করেন।

তপশিল

| ক্রমিক নং | নির্দিষ্ট পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়ঃ সীমা। | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | পরিচালক .. | .. | বি, সি, এস (তথ্য) ক্যাডার নিয়োগ-বিধি অনুযায়ী | .. |
| ২ | উপ-পরিচালক .. | .. | ,, | .. |
| ৩ | সহকারী পরিচালক .. | .. | ,, | .. |
| ৪ | তথ্য অফিসার .. | .. | ,, | .. |
| ৫ | উপ-পরিচালক (সংগীত) .. | .. | সহকারী পরিচালক (সংগীত) হইতে পদোন্নতির মাধ্যমে। | পদোন্নতির জন্য: ফিডার পদে ৭ বছরের অভিজ্ঞতা। |
| ৬ | সহকারী পরিচালক (সংগীত) | অন্যূন ২৫ বছর ও অনধিক ৩৫ বছর | (ক) ঊর্ধ্বতন কণ্ঠশিল্পী হইতে পদোন্নতির মাধ্যমে, এবং<br>(খ) সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য: ফিডার পদে ৭ বছরের অভিজ্ঞতা।<br><br>সরাসরি নিয়োগের জন্য:<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যাচেলার ডিগ্রী,<br>(খ) ব্যাপক সাংস্কৃতিক জ্ঞান, বিশেষ করিয়া সংগীত রচনা ও সুর সংযোজনায় প্রয়োজনীয় অভিজ্ঞতা, এবং |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | (গ) গানের মাধ্যমে জনগণকে আনন্দ-দানের ক্ষমতা ও ভালভাবে বক্তৃতা দেওয়ার অভিজ্ঞতা। |
| ৭ | উর্দ্ধতন কন্ঠশিল্পী | অন্যূন ১৮ বৎসর ও অনধিক ২৫ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগের জন্য :<br>(ক) এইচ, এস, সি, পাশ হইতে হইবে। সংগীতে বিশেষভাবে অভিজ্ঞ প্রার্থীদের বেলায় এস, এস, সি, পাশ হইলেও চলিবে।<br>(খ) স্বর সংযোজনা ও কন্ঠদানে উন্নতমানের পারদর্শিতা থাকিতে হইবে।<br>(গ) সুললিত ও মিষ্টি সুরের অধিকারী হইতে হইবে।<br>(ঘ) গণজমায়েত অথবা কোন সাংস্কৃতি প্রতিষ্ঠানে স্বাধীনভাবে কন্ঠদানে সক্ষম হইতে হইবে। গানের মাধ্যমে কর্ম-সূচী প্রচারের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৮ | রক্ষণাবেক্ষণ প্রকৌশলী | অন্যূন ২৫ বছর ও অনধিক ৩০ বছর। | রক্ষণাবেক্ষণ তত্ত্বাবধায়ক ও সহকারী রক্ষণাবেক্ষণ তত্ত্বাবধায়ক (ডিপ্লোমা) হইতে পদোন্নতির মাধ্যমে অথবা যোগ্য প্রার্থী না থাকিলে কর্ম কমিশন কর্তৃক সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য : ফিডার পদে ৭ বছরের অভিজ্ঞতা।<br>সরাসরি নিয়োগের জন্য : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিদ্যুৎ প্রকৌশলে ব্যাচেলার্স ডিগ্রী অথবা বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং ইনষ্টিটিউট হইতে এসোসিয়েট মেম্বার-শীপ পরীক্ষায় সেকশন 'এ' ও 'বি' পাশ অথবা ইলেকট্রিক্যাল বা মেকানিক্যাল ইঞ্জি-নিয়ারিং-এ ডিপ্লোমাসহ কমপক্ষে ৫ বছরের বাস্তব অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৯ | রক্ষণাবেক্ষণ তত্ত্বাবধায়ক | অন্যূন ২৫ বছর ও অনধিক ৩০ বছর। | (ক) ৫০% পদ সহকারী রক্ষণাবেক্ষণ তত্ত্বাবধায়ক (নন-ডিপ্লোমা) ও শব্দ প্রকৌশলী হইতে পদোন্নতির মাধ্যমে, এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য: ফিডার পদে ৭ বছরের অভিজ্ঞতা।<br>সরাসরি নিয়োগের জন্য: শব্দ প্রকৌশলী অথবা বিদ্যুৎ প্রকৌশল ডিপ্লোমা এবং মেন্টেনেন্স ওয়ার্কস-এ ৬ বছরের বাস্তব অভিজ্ঞতা,<br>অথবা<br>কোন স্বীকৃতপ্রাপ্ত প্রতিষ্ঠান হইতে রেডিও মেকানিক্স, পাওয়ার বা ইলেকট্রনিক্স-এ সার্টিফিকেট এবং ৮ বছরের বাস্তব অভিজ্ঞতা। |
| ১০ | (ক) সহকারী রক্ষণাবেক্ষণ তত্ত্বাবধায়ক (ডিপ্লোমাধারী) | অন্যূন ১৮ বছর ও অনধিক ২৫ বছর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগের জন্য: মেকানিক্যাল, অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমা এবং সিনেমা ইউনিটের গাড়ী ও বৈদ্যুতিক জেনারেটর মেরামতের কাজে কমপক্ষে ১ বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| | (খ) সহকারী রক্ষণাবেক্ষণ তত্ত্বাবধায়ক (নন-ডিপ্লোমা) | ,, | (ক) ৫০% পদ পি, এ, ই, অপারেটর ও সিনেমা অপারেটরদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে, এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য: ফিডার পদে ৫ বছরের অভিজ্ঞতা।<br>সরাসরি নিয়োগের জন্য: (ক) অটোমোবাইল/ইলেকট্রিক্যাল/রেডিও ইলেকট্রনিক্স-এ কোন সরকারী অনুমোদিত প্রতিষ্ঠান হইতে |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | ট্রেডকোর্স পাশ। ভ্রাম্যমান সিনেমা ইউনিটের গাড়ী ও জেনারেটর মেরামতের ব্যাপারে কমপক্ষে ৫ বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>(খ) বৈদ্যুতিক যন্ত্রপাতির অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে, এবং<br>(গ) এস, এস, সি, পাশ হইতে হইবে। |
| ১১ | প্রশাসনিক অফিসার | .. | উচ্চমান সহকারী/প্রধান সহকারী, উচ্চমান সহকারী, হিসাব রক্ষক, স্টেনোগ্রাফার, উচ্চমান সহকারী -কাম-ক্যাশিয়ার হইতে পদোন্নতির মাধ্যমে। | পদোন্নতির জন্য: ফিডার পদে ৫ বছরের অভিজ্ঞতা। |
| ১২ | সহকারী হিসাব রক্ষণ অফিসার | .. | ,, | ,, |
| ১৩ | সহকারী তথ্য অফিসার। | অনূন্য ১৮ বছর অনধিক ২৫ বছর | (ক) ২৫% পদ উচ্চমান সহকারী/প্রধান সহকারী, উচ্চমান সহকারী, সাটলিপিকার, হিসাব রক্ষক এবং উচ্চমান সহকারী -কাম-ক্যাশিয়ার হইতে পদোন্নতির মাধ্যমে, এবং<br>(খ) ৭৫% পদ কর্ম কমিশন কর্তৃক সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য: ফিডার পদে ৫ বছরের অভিজ্ঞতা।<br>সরাসরি নিয়োগের জন্য:<br>(ক) স্নাতকোত্তর ডিগ্রী থাকিতে হইবে,<br>(খ) ভাল সংগঠক, জনসভায় বক্তৃতা এবং ছোট ছোট পথ সভায় বক্তৃতা দেওয়ার যোগ্যতা থাকিতে হইবে, এবং<br>(গ) বাংলাদেশের মানুষের জীবনযাত্রা সম্বন্ধে পরিপূর্ণ ধারনা থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৪ | উচ্চমান সহকারী/প্রধান সহকারী। | .. | উচ্চমান সহকারী, উচ্চমান সহকারী-কাম-ক্যাশিয়ার, সাঁটলিপিকার, সাট-মুদ্রাক্ষরিক এবং হিসাব রক্ষক হইতে পদোন্নতির মাধ্যমে। | পদোন্নতির জন্য: ফিডার পদে কমপক্ষে ২ বছরের অভিজ্ঞতা। |
| ১৫ | উচ্চমান সহকারী | .. | সরকার কর্তৃক নির্ধারিত নিয়োগ বিধি অনুসারে। | পদোন্নতির জন্য: ফিডার পদে ৫ বছরের অভিজ্ঞতা। |
| ১৬ | হিসাব রক্ষক | .. | সাঁট-মুদ্রাক্ষরিক, হিসাব সহকারী, নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক, স্টোর কিপার, স্টোর এ্যাসিস্টেন্ট ও যোষক হইতে পদোন্নতির মাধ্যমে। | পদোন্নতির জন্য: ফিডার পদে ৫ বছরের অভিজ্ঞতা। |
| ১৭ | উচ্চমান সহকারী-কাম-ক্যাশিয়ার। | .. | (উক্ত পদে নিয়োজিত প্রার্থীকে সিকিউরিটি হিসাবে নগদ ১০০০ টাকা এবং ফাইডিলিটি বণ্ড হিসাবে ৫০০০ টাকা জামানত দিতে হইবে)। | ,, |
| ১৮ | সাটলিপিকার | | সরকার কর্তৃক নির্ধারিত নিয়োগ বিধি অনুসারে। | |
| ১৯ | সাট-মুদ্রাক্ষরিক | | ,, | .. |
| ২০ | নিম্নমান সহকারী কাম-মুদ্রাক্ষরিক। | .. | ,, | .. |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১ | হিসাব সহকারী | অনূ্যন ১৮ বছর<br>অনধিক ২৫ বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে | সরাসরি নিয়োগের জন্য:<br>(ক) এইচ, এস, সি, (বাণিজ্য বিভাগে) পাশ হইতে হইবে, এবং<br>(খ) হিসাব সংরক্ষণ ও আনুষংগিক নথিপত্র সংরক্ষণের কাজে কমপক্ষে ১ বৎসরের জ্ঞান থাকিতে হইবে। |
| ২২ | ষ্টোর কিপার | অনূ্যন ১৮ বছর<br>অনধিক ২৫ বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে | সরাসরি নিয়োগের জন্য:<br>(ক) এইচ, এস, সি, পাশ হইতে হইবে, এবং<br>(খ) মোটরগাড়ী, মাইক, সিনেমা প্রজেক্টর, জেনারেটর ও বৈদ্যুতিক যন্ত্রাংশের নাম, সংরক্ষণ ও সরবরাহসহ হিসাব পত্রের কাজে কমপক্ষে ১ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ২৩ | ষ্টোর এ্যাসিস্টেন্ট | অনূ্যন ১৮ বছর<br>অনধিক ২৫ বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে | সরাসরি নিয়োগের জন্য:<br>(ক) এইচ, এস, সি পাশ হইতে হইবে, এবং<br>(খ) মোটরগাড়ী, মাইক, সিনেমা প্রজেক্টর, জেনারেটর ও বৈদ্যুতিক যন্ত্রাংশের নাম, সংরক্ষণ ও সরবরাহ সহ হিসাব পত্রের কাজে কমপক্ষে ১ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ২৪ | ঘোষক | অনূ্যন ১৮ বছর<br>অনধিক ২৫ বছর | (ক) ২০% পদ প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন এম, এল, এস, এস,-দের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে, এবং | পদোন্নতির জন্য: ঘোষণার কাজে পারদর্শী হইতে হইবে এবং ফিডার পদে ৫ বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | (খ) ৮০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগের জন্য : (ক) এইচ, এস, সি পাশ হইতে হইবে, এবং (খ) স্পষ্ট ও সুমিষ্ট স্বরের অধিকারী হইতে হইবে। (গ) ঘোষণার ব্যাপারে ভাল দক্ষতা থাকিতে হইবে। (ঘ) জনসভায় ব্যবহৃত মাইকের যন্ত্রপাতির অপারেশন সম্বন্ধে ভাল জ্ঞান থাকিতে হইবে, এবং (ঙ) ঘোষণার খসড়া সুন্দরভাবে তৈরী করার দক্ষতা থাকিতে হইবে। |
| ২৫ | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর | | সরকার কর্তৃক নির্ধারিত নিয়োগবিধি অনুসারে। | .. |
| ২৬ | ডেচপাচ রাইডার | .. | .. | .. |
| ২৭ | ক্যাশ সরকার | .. | এম, এল, এস, এস-দের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | পদোন্নতির জন্য : ফিডার পদে ২ বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ২৮ | এম, এল, এস, এস | .. | সরকার কর্তৃক নির্ধারিত নিয়োগবিধি অনুসারে। | .. |
| ২৯ | প্রহরী | অন্যূন ১৮ বছর অনধিক ২৫ বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে | সরাসরি নিয়োগের জন্য : ৮ম শ্রেণী পর্যন্ত লেখাপড়া থাকিতে হইবে এবং ভাল স্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩০ | এম, এল, এস, এস/মালী/সুইপার | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে | সরাসরি নিয়োগের জন্য: ৮ম শ্রেণী পর্যন্ত লেখাপড়া থাকিতে হইবে। |
| ৩১ | সাউন্ড মেকানিক | অনূ্যন ১৮ বছর অনধিক ২৫ বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে | সরাসরি নিয়োগের জন্য:<br>(ক) এস, এস, সি, পাশ হইতে হইবে, এবং<br>(খ) ইলেকট্রনিক্স, সিনেমা প্রজেক্টর ও ইলেকট্রনিক্স যন্ত্রপাতি মেরামতের ব্যাপারে ৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৩২ | সিনে (সাইন) অপারেটর | অনূ্যন ১৮ বছর অনধিক ২৫ বছর | (ক) ২০% পদ সহকারী সিনে অপারেটর ও এ, পি, এ, ই, অপারেটরদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে, এবং<br>(খ) ৮০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য: ফিডার পদে ৫ বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে।<br><br>সরাসরি নিয়োগের জন্য:<br>(ক) এস, এস, সি, পাশ হইতে হইবে,<br>(খ) জ্বালানী তৈল দ্বারা চালিত ইন্জিন, বিদ্যুৎ উৎপাদক জেনারেটর, প্রজেকটর এবং প্রজেকটর মেশিন চালনী, রক্ষণাবেক্ষণ ইত্যাদি বিষয়ে ভাল জ্ঞান থাকিতে হইবে।<br>(গ) সিনেমা-অটোগ্রাফ লাইসেন্সধারী হইতে হইবে।<br>(ঘ) উল্লেখিত যন্ত্রপাতিসমূহের মেরামতের ব্যাপারে অবশ্যই জ্ঞান থাকিতে হইবে। |
| ৩৩ | পাবলিক এড্রেস ইকুইপমেন্ট, অপারেটর (পি, এ, ই, অপারেটর)। | অনূ্যন ১৮ বছর অনধিক ২৫ বছর। | (ক) ২০% পদ সহকারী সিনে অপারেটর ও এ, পি, এ, ই, অপারেটরদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে এবং | পদোন্নতির জন্য: ফিডার পদে ৫ বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |


| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | (খ) ৮০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>সরাসরি নিয়োগের জন্য :</u><br>(ক) এস, এস, সি পাশ হইতে হইবে।<br>(খ) ইলেকট্রিক্যাল ট্রেড কোর্স পাশ এবং কমপক্ষে 'বি' শ্রেণী ইলেকট্রিক লাইসেন্সধারী হইতে হইবে।<br>(গ) পি, এ, ই, সেটের যন্ত্রপাতি বিশেষ করিয়া এমপ্লিফায়ার, জেনারেটর, ড্রাইভার ইউনিট, মাইক্রোফোন, ট্রান্সফরমার প্রভৃতি যন্ত্রপাতির পরিচালনা ও রক্ষণাবেক্ষণ সম্পর্কে জ্ঞান থাকিতে হইবে এবং<br>(ঘ) বিভিন্ন জনসমাবেশ ও বৃহৎ জনসভায় মাইক স্থাপন করিয়া সাউন্ড কমিউনিকেশন করার যোগ্যতা থাকিতে হইবে। |
| ১৪ | সহকারী সিনে (সাইন) অপারেটর/এ, পি, এ, ই অপারেটর | অন্যূন ১৮ বছর অনধিক ২৫ বছর | (ক) ৫০% পদ এম, এল, এস, এস-দের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে, এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>পদোন্নতির জন্য :</u> ফিডার পদে থাকা অবস্থায় অবশ্যই সিনে অপারেটর/পি, এ, ই, অপারেটর-এর সংগে কমপক্ষে ৫ বছর যাবত কাজ করার পূর্ব দক্ষতা থাকিতে হইবে।<br><u>সরাসরি নিয়োগের জন্য :</u><br>(ক) ৮ম শ্রেণী পর্যন্ত লেখাপড়া থাকিতে হইবে।<br>(খ) বৈদ্যুতিক (এসি/ডিসি ২২০ ভোল্ট পর্যন্ত) কাজকর্মের ব্যাপারে জ্ঞান থাকিতে হইবে। |

| | | | |
|---|---|---|---|
| | | | (গ) টেস্ট ল্যাম্প ও হাইড্রোমিটার ব্যবহার সম্পর্কে জ্ঞান থাকিতে হইবে,<br>(ঘ) জনসভায় ব্যবহৃত মাইকের যন্ত্রপাতি অপারেটিং ও মেরামতের জ্ঞান থাকিতে হইবে।<br>(ঙ) বিদ্যুৎ বোর্ড হইতে 'সি' ক্লাশের ওয়ার্কম্যান পারমিট থাকিতে হইবে, এবং<br>(চ) তৈল চালিত ইঞ্জিন, বিদ্যুৎ উৎপাদক জেনারেটর এবং প্রজেকটর মেশিন চালনা ও রক্ষণাবেক্ষণের জ্ঞান থাকিতে হইবে।<br>(ছ) সিনেমা-অটোগ্রাফ লাইসেন্সধারী প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৩৫ মোটর ড্রাইভার .. | অন্যূন ১৮ বছর অনধিক ২৫ বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে .. | সরাসরি নিয়োগের জন্য:<br>(ক) ৮ম শ্রেণী পাস হইতে হইবে, এবং<br>(খ) ভারী মোটর গাড়ী চালানোর লাইসেন্স থাকিতে হইবে। |
| ৩৬ মোটর মেকানিক .. | অন্যূন ১৮ বছর .. অনধিক ২৫ বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে .. | সরাসরি নিয়োগের জন্য:<br>(ক) ৮ম শ্রেণী পাস হইতে হইবে,<br>(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অটোমোবাইল বা অটোমোটিভ ট্রেড সার্টিফিকেট থাকিতে হইবে।<br>(গ) মোটর মেকানিজম এবং মেরামত সম্পর্কে পরিপূর্ণ জ্ঞান থাকিতে হইবে, এবং |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | (ঘ) সরকারী অথবা কোন প্রাইভেট মোটর কারখানায় মোটর গাড়ী মেরামত ও মেন্টেনেন্স-এর কাজে কমপক্ষে ৩ বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৩৭ | ডায়নামো মেকানিক .. | .. অনূন্য ১৮ বছর .. অনধিক ২৫ বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে .. | সরাসরি নিয়োগের জন্য :<br>(ক) ৮ম শ্রেণী পর্যন্ত লেখাপড়া থাকিতে হইবে,<br>(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে পাওয়ার অথবা বৈদ্যুতিক ট্রেড কোর্স পাস হইতে হইবে, এবং<br>(গ) সকল প্রকার বৈদ্যুতিক যন্ত্রপাতি বিশেষ করিয়া তৈলচালিত ইঞ্জিন, ডায়নামো এবং জেনারেটর মেরামতের কাজে কমপক্ষে ১ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৩৮ | সারেং .. | .. অনূন্য ২৫ বছর .. অনধিক ৩৫ বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে .. | সরাসরি নিয়োগের জন্য :<br>(ক) ইনল্যাণ্ড মেকানিক্যাল প্রপেল্ড ভেসেলে সারেং হিসাবে যোগ্যতার সার্টিফিকেট থাকিতে হইবে।<br>(খ) মোটর লঞ্চ চালনার ক্ষেত্রে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৯ | মোটর যান ড্রাইভার | অনূ্যন ২৫ বছর<br>অনধিক ৩৫ বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে | সরাসরি নিয়োগের জন্য:<br>(ক) ইনল্যাণ্ড মেকানিক্যাল প্রপেল্ড ভেসেলস এ্যাক্ট ১৯১৭ (এ্যাক্ট নং ১ অব ১৯১৭) অনুযায়ী মোটর যান চালনার যোগ্যতার উপর ২য় শ্রেণীর সার্টিফিকেট থাকিতে হইবে, এবং<br>(খ) মোটর যান চালনার ক্ষেত্রে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৪০ | এম,এল,গ্রীজার | অনূ্যন ২০ বছর<br>অনধিক ২৫ বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে | সরাসরি নিয়োগের জন্য:<br>(ক) ৮ম শ্রেণী পর্যন্ত লেখাপড়া থাকিতে হইবে, এবং<br>(খ) গিয়ারিং এ অয়েলিং-এর ব্যাপারে ইঞ্জিনের বিশেষ জ্ঞান থাকিতে হইবে এবং এ বিষয়ে কমপক্ষে ১ বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৪১ | এম,এল,খালাসী | অনূ্যন ২০ বছর<br>অনধিক ২৫ বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে | সরাসরি নিয়োগের জন্য:<br>(ক) ৮ম শ্রেণী পর্যন্ত লেখাপড়া থাকিতে হইবে, এবং<br>(খ) কোন যন্ত্র যোনিতে খালাসীর কাজে কমপক্ষে ১ বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৪২ | কার্পেন্টার | অনূ্যন ২০ বছর<br>অনধিক ২৫ বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে | সরাসরি নিয়োগের জন্য:<br>(ক) ৮ম শ্রেণী পর্যন্ত লেখাপড়া থাকিতে হইবে, এবং<br>(খ) কার্পেন্টার হিসাবে ৫ বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৪৩ | তবলচী .. | অনূন ১৮ বছর ..<br>অনধিক ২৫ বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে .. | সরাসরি নিয়োগের জন্য :<br>(ক) চম শ্রেণী পর্যন্ত লেখাপড়া থাকিতে হইবে, এবং<br>(খ) গান বা সুরের তাল, লয় ও রাগ সম্পর্কে প্রচুর জ্ঞান থাকিতে হইবে। |
| ৪৪ | দোতারী(দোতারা বাদক) .. | অনূন ১৮ বছর ..<br>অনধিক ২৫ বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে .. | সরাসরি নিয়োগের জন্য :<br>(ক) চম শ্রেণী পর্যন্ত লেখাপড়া থাকিতে হইবে, এবং<br>(খ) গান বা সুরের তাল, লয় ও রাগ সম্পর্কে প্রচুর জ্ঞান থাকিতে হইবে। |
| ৪৫ | ফুট প্লেয়ার (বংশীবাদক) .. | অনূন ১৮ বছর ..<br>অনধিক ২৫ বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে .. | সরাসরি নিয়োগের জন্য :<br>(ক) চম শ্রেণী পর্যন্ত লেখাপড়া থাকিতে হইবে,<br>(খ) গান বা সুরের তাল, লয় ও রাগ সম্পর্কে প্রচুর জ্ঞান থাকিতে হইবে, এবং<br>(গ) বংশীবাদক হিসাবে অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। |




(স্বাক্ষর) ২১/৭/৮৪
( মোঃ আশরাফ আলী খান )
ভারপ্রাপ্ত পরিচালক
গণযোগাযোগ অধিদপ্তর
ঢাকা

মোট জনশক্তির সার-সংক্ষেপ

| ক্রমিক নং | বর্ণনা | পদ সংখ্যা |
|---|---|---|
| | প্রথম শ্রেণী | |
| ১) | পরিচালক | ১ |
| ২) | উপ-পরিচালক | ৫ |
| ৩) | সহকারী পরিচালক | ৮ |
| ৪) | তথ্য অফিসার | ৩৮ |
| ৫) | [illegible] | ১ |
| | দ্বিতীয় শ্রেণী | |
| ৬) | প্রশাসনিক কর্মকর্তা | ১ |
| ৭) | সহকারী হিসাব রক্ষণ অফিসার | ১ |
| ৮) | সহকারী তথ্য অফিসার | ৮০ |
| | তৃতীয় শ্রেণী | ৫৮৭ |
| | চতুর্থ শ্রেণী | ২৬৪ |
| | মোট ঃ- | ১,০৩১ |

By order of President
MANZOOR-UL-KARIM
Additional Secretary in-charge

আবদুর ওয়াজেদ মোল্লা, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মতিন সরকার, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা,